গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.khagrachhari.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০০৪.১১.০০৬.২৩- ৮০৬

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩০ / ০২ অক্টোবর ২০২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ইউনিয়ন পরিষদ-২ শাখার গত ১১ সেপ্টেম্বর ২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১-৭৫ নম্বর স্মারকের ছাড়পত্র মোতাবেক খাগড়াছড়ি পার্বত্য জেলার ইউনিয়ন পরিষদে **"হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর"** এর ৩৮ (আটত্রিশ) টি শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের লক্ষ্যে খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত বেতন স্কেল ও শর্তাদি সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রম | পদের নাম ও পদ সংখ্যা | জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুয়ায়ী বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর<br>(পদ সংখ্যা-৩৮টি) | গ্রেড-১৬<br>স্কেল=৯৩০০-২২৪৯০/-টাকা | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। | বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়। |

## আবেদনের শর্তাবলী :

১। আবেদনকারীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা বরাবর নির্ধারিত ছকে স্ব-হস্তে লিখিত আবেদনপত্র ০১ (এক) কপি, আবেদন পত্রের সাথে সংযুক্ত প্রবেশপত্রের প্রযোজ্য অংশ প্রার্থী কর্তৃক পূরণপূর্বক ০২(দুই) কপি একই খামে আগামী ৩১/১০/২০২৩ তারিখ এর মধ্যে অফিস চলাকালীন সরাসরি অথবা ডাকযোগে দাখিল/প্রেরণ করতে হবে। নির্ধারিত ছকে আবেদন না করলে আবেদনটি ত্রুটিযুক্ত ও বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরম www.khagrachhari.gov.bd ওয়েবসাইটে অথবা স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা হতে সংগ্রহ করা যাবে।

৩। ৩১/১০/২০২৩ খ্রি. তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তান ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক বয়স ৩২ বছর পর্যন্ত শিথিল যোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। চাকুরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অগ্রিম কোন আবেদন গ্রহণ করা হবে না। তাছাড়া চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে নাগরিকত্ব সনদে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৫। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিল করতে হবে:**

ক) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি (স্বহস্তে নিজ নাম ছবির অপর পৃষ্ঠায় স্পষ্টাক্ষরে লিখতে হবে) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। ২ (দুই) কপি ছবি আবেদনপত্রের বামপাশে এবং ১ (এক) কপি ছবি আবেদন পত্রের ডানপাশে নির্ধারিত স্থানে আঠা দিয়ে লাগাতে হবে।

খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।

গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সংশ্লিষ্ট পৌরসভার মেয়র অথবা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি।

ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র ও **অনলাইন জন্ম নিবন্ধন সনদের** ফটোকপি।

ঙ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জেলা প্রশাসক/মং সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা সনদপত্রের সত্যায়িত কপি।

চ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

চলমান পাতা-০২

ছ) আবেদনপত্রের সাথে সোনালী ব্যাংক লি: এর যে কোন শাখা হতে জেলা প্রশাসক, খাগড়াছড়ি এর অনুকূলে (অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, প্রবিধি-২ অধিশাখা, ঢাকা এর স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩৭.০০৩.১৪-২৬২, তারিখ: ২২/০৯/২০২২ খ্রি. মূলে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী) ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষা ফি বাবদ কোড নং-**১-০৭৪২-০০০০-২০৩১** (পরীক্ষা ফি) এবং **'৭ ডিজিট নতুন অর্থনৈতিক কোড ১৪২২৩২৬'**-তে ২০০/-(দুইশত) টাকা (প্রত্যেক পদের ক্ষেত্রে, ১৩ হতে ১৬ গ্রেড) (অফেরতযোগ্য) জমা প্রদান করে চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

জ) খামের উপর পদের নাম "হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর" উল্লেখ করতে হবে এবং প্রার্থী কোনো কোটা সুবিধার আওতায় আবেদন করলে আবেদন পত্রের উপরে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

ঝ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনকারীর নাম ও ঠিকানা সম্বলিত ১০´´×৪.৫´´ সাইজের (১০/-টাকা মূল্যের অব্যবহৃত ডাক টিকেটসহ) একটি ফেরত খাম দাখিল করতে হবে।

৬। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার সিলসহ সুস্পষ্ট নাম ও পদবি উল্লেখ থাকতে হবে।

৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র/কন্যার পুত্র-কন্যার ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতা কিংবা দাদা/দাদী, নানা/নানী মুক্তিযোদ্ধা হিসাবে প্রমাণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সর্বশেষ সরকারী সার্কুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত ফটোকপি।

৮। শারীরিক প্রতিবন্ধী ও এতিমদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক কর্তৃক পদত্ত সনদপত্র।

৯। আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।

১০। সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্র।

১১। লিখিত পরীক্ষায় উর্ত্তীণ যে সকল প্রার্থীকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হবে, তাদেরকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় আবেদনে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসহ সকল সনদের (কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রসহ) মূলকপি প্রদর্শন করতে হবে। কোন প্রকার সনদপত্র দেখাতে ব্যর্থ হলে বা কোন সদনপত্র অসত্য প্রমাণিত হলে প্রার্থীর আবেদনপত্র এবং লিখিত পরীক্ষা বাতিল বলে গণ্য হবে এবং বিধি মোতাবেক তাঁর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

১২। পদ পূরণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান-সন্ততি ও পোষ্য/মহিলা/আনসার/ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে। এ ক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে।

১৩। হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-১৯৪, তারিখ: ২১/০৩/২০২২ ও পিটিশন নং-৪৯, ৫২-৫৫/২০২০ হতে উদ্ভুত লীভ টু আপীল মামলা নং-০৪/২০২০, তারিখ: ০৩/০২/২০২২ খ্রি. বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আদেশ প্রতিপালন করা হবে।

১৪। জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর ৩০/০৬/২০১৯ তারিখে ০৫.০০.০০০১৭০.২২.০৬২.১৩-১৫২ নং স্মারকে প্রদত্ত নির্দেশনা মোতাবেক বর্ণিত পদে নিয়োগের ক্ষেত্রে কোন বিশেষ কোটার (মুক্তিযোদ্ধা/মহিলা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/এতিম/শারীরিক প্রতিবন্ধী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য) কোনো পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হলে অপূর্ণ পদসমূহ সাধারণ প্রার্থীদের মধ্য হতে মেধাতালিকার ক্রমানুসারে নিয়োগ দেয়া হবে।

১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬। কোন তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা নিয়োগের পরে কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে উক্ত ব্যক্তি বা ব্যক্তিদের নিয়োগাদেশ বাতিলপূর্বক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্ব সনদ, স্থায়ী বাসিন্দার সনদ, জাতীয় পরিচয়পত্র, অনলাইন জন্ম নিবন্ধন সনদ, কোটা সম্পর্কিত সনদ, কম্পিউটার পারদর্শীতার সনদ, অভিজ্ঞতার সনদ ইত্যাদির মূল কপি উপস্থাপন করতে হবে।

১৮। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যয়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে।

১৯। যে কোন তদবির কিংবা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

২০। নিয়োগ প্রাপ্তদের সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতাদি প্রদান করা হবে।

২১। আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

২২। আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩। নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা এর কোন বিষয় সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

**(মো: সহিদুজ্জামান)**
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৪৩৮১১, ফ্যাক্স: ০২৩৩৩৩৪৩৭২৮
E-mail: dckhagrachari@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০০৪.১১.০০৬.২৩-৫০৬

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩০
০২ অক্টোবর ২০২৩

অনুলিপি: **সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, ...........................(সকল)।
৫। পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৭। সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। মেয়র, খাগড়াছড়ি পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)...................................খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল)........................................খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২। সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, (জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), এ অফিস।
১৩। মেয়র, মাটিরাঙ্গা/রামগড় পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫। জেলা তথ্য অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা (বহুল প্রচারের জন্য)।
১৬। চেয়ারম্যান (সকল),...................ইউনিয়ন পরিষদ................,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৭। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৮। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, ........................................................................................................... কে উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি তার প্রকাশিত দৈনিক পত্রিকায় আগামী ০৩ (তিন) দিনের মধ্যে (ছুটির দিন ব্যতীত) যে কোন সময় ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পাতায় (১২×৫ ইঞ্চি কলামে) প্রকাশের ব্যবস্থা গ্রহণপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশের পর ০৫ (পাঁচ) কপি পত্রিকা এ কার্যালয়ে (স্থানীয় সরকার শাখায়) প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
১৯। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২০। অফিস কপি।

জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

# চাকরির আবেদন ফরম

| ৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা ০৩ কপি) |
|---|

বরাবর
জেলা প্রশাসক
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | | |
| | | ইংরেজীতে ( বড় অক্ষরে) : | | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | | |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | | মাস | | দিন | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্ম : | ১৫. | পেশা |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সাটিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.khagrachhari.gov.bd

| |
|---|
| ছবি- ১কপি<br>(১.৫"×১.৫")<br>(আঠা দিয়ে লাগাতে হবে) |

## প্রবেশপত্র

| আবেদনকারী কর্তৃক পূরণীয় | | অফিস কর্তৃক পূরণীয় | |
|---|---|---|---|
| পদের নাম : | ........................................................ | রোল নম্বর : | ........................................................ |
| পরীক্ষার্থীর নাম : | ........................................................ | পরীক্ষা কেন্দ্রের নাম : | ........................................................ |
| পিতা/স্বামীর নাম: | ........................................................ | পরীক্ষার তারিখ : | ........................................................ |
| বর্তমান ঠিকানা : | ........................................................<br>........................................................ | পরীক্ষার সময় : | ........................................................ |

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

## বিশেষ নির্দেশাবলি:

০১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শন করতে হবে।

০২। মোবাইল, ক্যালকুলেটর, ডিজিটাল ঘড়ি, বইপত্র, ব্যাগ বা অন্য কোন ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষাকেন্দ্রে প্রবেশ সম্পূর্ণরূপে নিষিদ্ধ। **পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন বা ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে আসলে বা সাথে পাওয়া গেলে তাৎক্ষণিক বহিষ্কার করা হবে।**

০৩। পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

০৪। যে কোন প্রকার অসুদপায় অবলম্বনকারী পরীক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৫। এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

০৬। পরীক্ষাকেন্দ্র ত্যাগের পূর্বে উত্তরপত্র এর সাথে আব্যশিকভাবে প্রশ্নপত্র ফেরত দিতে হবে।

০৭। লিখিত পরীক্ষার ফলাফল জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি এর নোটিশ বোর্ডে এবং www.khagrachhari.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষা: কম্পিউটার মুদ্রাক্ষর (বাংলা ও ইংরেজি), স্প্রেডশিট ও প্রেজেন্টেশন পরীক্ষার বিস্তারিত সময়সূচি ও কেন্দ্র লিখিত পরীক্ষার ফলাফলের সাথে জানানো হবে।

০৯। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের মৌখিক পরীক্ষা জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলায় অনুষ্ঠিত হবে।

১০। মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, অভিজ্ঞতা সনদ, জাতীয় পরিচয়পত্র, অনলাইন জন্ম নিবন্ধন সনদ, নাগরিক সনদ, মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর মূল কপি এবং এক সেট ফটোকপি সঙ্গে আনতে হবে। সনদের ফটোকপি অবশ্যই প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়ন করতে হবে।

১১। পরীক্ষায় যে কোন অসদাচরণের জন্য পরীক্ষার্থীর বিরুদ্ধে প্রার্থীতা বাতিলসহ প্রযোজ্য আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে। মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

উপপরিচালক
স্থানীয় সরকার
ও
সদস্য সচিব
ইউনিয়ন পরিষদ হিসাব সহকারী
কাম-কম্পিউটার অপারেটর নিয়োগ কমিটি-২০২৩